



2022

3rd Semester Examination

BENGALI (General)

Paper : DSE 1C/2C-T

[বাংলা কথাসাহিত্য নাটক ও প্রবন্ধ]

[CBCS]

Full Marks : 60

Time : Three Hours

*The figures in the margin indicate full marks.
Candidates are required to give their answers
in their own words as far as practicable.*

বিভাগ - ক

যেকোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

- ১। অষ্টধাতু কী? গাটাপাচা কী?
- ২। রামজয় তর্কভূষণের শ্যালকের নাম লেখো। তিনি কেমন প্রকৃতির লোক ছিলেন?
- ৩। নাট্যকার দ্বিজেন্দ্রলাল রায় 'সাজাহান' নাটকের প্রথম ও শেষ সংলাপ কোন্ কোন্ চরিত্রের কণ্ঠে বসিয়েছেন?
- ৪। সাজাহান ও দারার পুত্রদের নাম লেখো।

- ৫। 'গীতের পারিপাট্যজন্য আবশ্যিক দুইটি' — এই দুইটি বিষয় কী কী?
- ৬। অপবিজ্ঞান কী? 'অপবিজ্ঞান' রচনার উৎস কোথা থেকে? আলপাকা শাড়ি কী?
- ৭। 'যেন তোর পুত্র না হয়, শত্রুরও যেন পুত্র না হয়।' — কে কাকে কখন এ কথা বলেছে?
- ৮। নাদিয়ার কক্ষে দারাকে কার নির্দেশে কে বন্দী করেছিল?
- ৯। 'চিকিৎসা সংকট' গল্পে ডাক্তার ও হাকিমের নাম লেখো।
- ১০। 'পথের পাঁচালী' উপন্যাসে বর্ণিত তিনটি মৃত্যু কার কার ঘটেছে?
- ১১। অপূর উপনয়ন কোন্ মাসে হয়? অপূর পুরো নাম লেখো।
- ১২। হরিহর চরিত্রের দুটি প্রধান বৈশিষ্ট্য লেখো।
- ১৩। নন্দদুলাল মিত্রের ঠিক কী অসুখ হয়েছিল? তার কতবার বিবাহ হয়?
- ১৪। 'সুন্দ্যাদায়িনী' গল্পে যশোদার স্বামীর নাম কী? এই গল্পের যশোদা কতবার সন্তান ধারণ করেছিল?
- ১৫। মতিলাল কোথায় গির্জা ঘর নির্মাণ করেছিল? গির্জা ঘরে কার সন্তান প্রসব হয়? সেই সন্তানের নাম কী?

বিভাগ - খ

যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$

- ১৬। 'সাজাহান' নাটক সংগীত ব্যবহারের গুরুত্ব পর্যালোচনা করো।

- ১৭। 'পিতামহ রামজয় তর্কভূষণ' প্রবন্ধে বিদ্যাসাগর তাঁর পিতামহের যে সমস্ত চারিত্রিক বৈশিষ্ট্যের পরিচয় দিয়েছেন সেগুলি সংক্ষেপে আলোচনা করো।
- ১৮। 'জোনাকি হইতে আলো বাহির হয় অতএব তাহার প্রচুর ফলফরাস আছে।' — এ বিষয়ে তোমার মতামত ব্যক্ত করো।
- ১৯। 'পথের পাঁচালী' উপন্যাসে সর্বজয়া চরিত্রের সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ২০। 'চিকিৎসা সংকট' গল্পের শেষে নন্দবাবুর বাড়ির সাক্ষ্য আড্ডাটি ভেঙে যাওয়ার কারণ গল্প অবলম্বনে উল্লেখ করো।
- ২১। 'সাজাহান' নাটকের জাহানারা চরিত্রটি সংক্ষেপে বিচার করো।

বিভাগ - গ

যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$

- ২২। 'সাজাহান' নাটকটি সার্থক ঐতিহাসিক নাটকের বৈশিষ্ট্যে রচিত কিনা বিচার করো।
- ২৩। রাজশেখর বসুর 'অপবিজ্ঞান' প্রবন্ধের বক্তব্য-বিষয় সংক্ষেপে আলোচনা করো।
- ২৪। 'পথের পাঁচালী' উপন্যাসের প্রকৃতি-চেতনার পরিচয় দাও।
- ২৫। 'চতুর্থ পানিপথের যুদ্ধ' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।